ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪৭০

আগরতলা, ৩০ অক্টোবর, ২০২৫

**গোমতী জেলা হাসপাতালের চক্ষু বিভাগে ওপিডি পরিষেবা আরও একদিন বাড়ানো হয়েছে**

জনস্বার্থের কথা মাথায় রেখে গোমতী জেলা হাসপাতালে চক্ষু বিভাগের আউটডোর তথা ও পি ডি পরিষেবা আরও একদিন বাড়ানো হয়েছে। আজ থেকে বর্ধিত ওপিডি পরিষেবা চালু করা হয়েছে। এতদিন শুধুমাত্র মঙ্গলবার ও শনিবার এই পরিষেবা চালু থাকলেও এখন থেকে বৃহস্পতিবারও রোগীরা ও পি ডি পরিষেবা পাবেন। এর ফলে সপ্তাহে দুইদিনের পরিবর্তে এখন থেকে তিন দিন চক্ষু বিভাগের পরিষেবা পাবেন সাধারণ মানুষ।

হাসপাতালের চক্ষু রোগ বিশেষজ্ঞ ডা. ছন্দম আচার্য জানান রোগীর ক্রমবর্ধমান ভিড় ও সেবার মান উন্নত করার লক্ষ্যেই এই পদক্ষেপ নেওয়া হয়েছে। ডাঃ ছন্দম আরও জানান যে গোমতী জেলা হাসপাতালে চক্ষু চিকিৎসার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। পরিসংখ্যান তুলে ধরে তিনি জানান, ‘গত আর্থিক বছরে আমাদের হাসপাতালে মোট ৮৭৪টি চোখের অপারেশন করা হয়েছে। আর চলতি বছরে শুধু সেপ্টেম্বর মাস পর্যন্ত ৫০০ এরও বেশি সফল চোখের অপারেশন করানো হয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, হাসপাতালের চক্ষু বিভাগের দল শুধুমাত্র গোমতী জেলা হাসপাতালেই সীমাবদ্ধ নেই, তারা অমরপুর মহকুমা হাসপাতালে গিয়েও নিয়মিত অপারেশন করে আসছেন। পাশাপাশি, বিভিন্ন এলাকায় চোখের স্ক্রিনিং ক্যাম্পও পরিচালনা করা হয়। ডাঃ আচার্য জানান, বর্তমানে গোমতী জেলা হাসপাতালে প্রতি বুধবার চোখের অপারেশন করা হয়। ওপিডি পরিষেবা সম্পর্কে বলতে গিয়ে ডাঃ আচার্য জানান যে, হাসপাতালে চোখের ছানি অপারেশন সম্পূর্ণ বিনামূল্যে করা হয়। অপারেশনের পাশাপাশি রোগীদের বিনামূল্যে চশমা এবং প্রয়োজনীয় ওষুধও প্রদান করা হয়। গোমতী জেলা হাসপাতালের মেডিক্যাল সুপার ডাঃ কাজল কুমার দাস জানান, চক্ষু বিভাগে রোগীর ভিড় দিন দিন বাড়ছে। এই ক্রমবর্ধমান ভিড় সামাল দিতে এবং রোগীদের অপেক্ষার সময় কমাতে একদিন আউটডোর পরিষেবা বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি আরও জানান যে, বর্তমানে গোমতী জেলা হাসপাতালে মোট তিনজন চক্ষু বিশেষজ্ঞ কর্মরত রয়েছেন, যা পরিষেবা প্রদানে সহায়ক হচ্ছে। রোগীর সুবিধার্থে চক্ষু বিভাগের আউটডোর পরিষেবা সপ্তাহে তিন দিন তথা মঙ্গলবার, বৃহস্পতিবার ও শনিবার চালু হওয়ার সাধারণ মানুষ উপকৃত হবেন বলে আশা করা হচ্ছে। গোমতী জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

*****